

## 💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৮০৭

৯. কিতাবুস সালাত (کتاب الصلاة)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি সূরা ফাতিহা ভালভাবে পড়তে জানে না, তাকে ফার্সিতে কিরা'আত পাঠ করার কথা যারা বলেন, তাদের কথা অপনোদনকারী হাদীস

ذِكْنُ الْخَبَرِ الْمُدْحِضِ قَوْلَ مَنْ أَمَرَ لِمَنْ لَمْ يُحْسِنْ قِرَاءَةَ فَاتِحَةِ الْكِتَابِ أَنْ يَقْرَأَهَا بالفارسية

## আরবী

1807 \_ أَخْبَرَنَا الْحُسَيْنُ بْنُ إِسْحَاقَ الْأَصْفَهَانِيَّ بِالْكَرْخِ قَالَ: حَدَّثَنَا أَبُو أُمَيَّةَ قَالَ: حَدَّثَنَا الْفَضِلُ بْنُ مُوفَقَّ قَالَ: حَدَّثَنَا مَالِكُ بْنُ مِغْوَلٍ عَنْ طَلْحَةَ بْنِ مُصَرِّفٍ عَنِ ابْنِ أَبِي حَدَّثَنَا الْفَضِلُ بْنُ مُوفَقَّ قَالَ: يَا رَسُولَ اللَّهِ إِنِّي لَا أَوْفَى قَالَ: يَا رَسُولَ اللَّهِ إِنِّي لَا أَوْفَى قَالَ: يَا رَسُولَ اللَّهِ إِنِّي لَا أَوْفَى قَالَ: يَا رَسُولَ اللَّهِ إِنِّي لَا أَسْتَطِيعُ أَنْ أَتَعَلَّمَ الْقُرْآنَ: فعلِّمني مَا يُجْزِئُنِي مِنَ الْقُرْآنِ قَالَ: (قُلْ: سُبْحَانَ اللَّهِ وَالْحَمْدُ لِلَّهِ وَلَا حَوْلَ وَلَا قُوتًا إِلَّا بِاللَّهِ) قَالَ: هَذَا لِلَّهِ فَمَا لِي؟ قَالَ: (قُلْ: لَوُلْ عَلْ اللَّهُ وَاللَّهُ وَاللَّهُ وَاللَّهُ وَاللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الْقُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (لقد ملأ يديه خيراً)

الراوي: ابْن أَبِي أَوْفَى المحدث: العلامة ناصر الدين الألباني المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1807 | خلاصة حكم المحدث: حسن ـ ((صفة الصلاة))، ((المشكاة)) (858)، ((الإرواء)) (303)، ((صحيح أبى داود))

## বাংলা

১৮০৭. ইবনু আবী আওফা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "এক ব্যক্তি নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কাছে এসে বলেন, "হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আমি কুরআন পড়তে পারি না। কাজেই আপনি আমাকে এমন কিছু শিক্ষা দিন, যা আমার জন্য কুরআন পাঠ করার ক্ষেত্রে যথেষ্ট হবে।" জবাবে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, "তুমি বলো,

سُبْحَانَ اللَّهِ وَالْحَمْدُ لِلَّهِ وَلَا إِلَهَ إِلَّا اللَّهُ وَاللَّهُ أَكْبَلُ , وَلَا حَوْلَ ولا قوة إلا بالله



(আমি আল্লাহর পবিত্রতা ঘোষনা করছি, সমস্ত প্রশংসা আল্লাহর জন্য, আল্লাহ ছাড়া প্রকৃত কোন মা'বূদ নেই, আল্লাহ সবচেয়ে বড়, পাপ কাজ থেকে বিরত থাকার কোন ক্ষমতা নেই আল্লাহ ছাড়া এবং ভালো কাজ করার ক্ষমতা নেই আল্লাহ ছাড়া)।"

তখন সে ব্যক্তি বলেন, "এসব তো আমার প্রভুর জন্য, তাহলে আমার জন্য কী আছে?" জবাবে রাসূল সাল্লাল্লাহ্ আলাইহি ওয়া সাল্লাম বলেন, "তুমি বলো, وَرُبِّ اغْفِرْ لِي وَارْحَمْنِي وَاهْدِنِي وَعَافِنِي وَارْزُقْنِي (হে আমার প্রভু, আপনি আমাকে ক্ষমা করে দিন, আমার প্রতি দয়া করুন, হেদায়েত দান করুন, আমাকে নিরাপত্তা দান করুন এবং আমাকে রিযিক দিন।" তারপর নাবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়া সাল্লামের কাছে এসে বলেন, "সে তার দুই হাত কল্যাণ দ্বারা পরিপূর্ণ করে নিল!" [1]

## ফুটনোট

[1] শুমিাইদী: ৭১৭; সহীহ ইবনু খুযাইমাহ: ৫৪৪; দারাকুতনী: ১/৩১৩; হাকিম: ১/২৪১; মুসান্নাফ আব্দুর রাযযাক: ২৭৪৭; মুসনাদ আহমাদ: ৪/৩৫৩; আবূ দাউদ: ৮৩২; দারাকুতনী: ১/৩১৪; সুনান বাইহাকী: ২/৩৮১; বাগাবী, শারহুস সুন্নাহ: ৬১০; নাসাঈ: ২/১৪৩।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাসান বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান বলেছেন। (সহীহ আবু দাউদ : ৭৮৫)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আবৃ আওফা (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন